-২৮৮-



স্মারক নং-১৭.০০.০০০০.০৮৩.২৭.০২৫.২৩-১৮৯

তারিখঃ ১২ শ্রাবণ ১৪৩২
২৭ জুলাই ২০২৫

# আদেশ

যেহেতু, জনাব মোঃ আবু সুফিয়ান, অফিস সহায়ক (সাময়িক বরখাস্তকৃত), উপজেলা নির্বাচন অফিস, পরশুরাম, ফেনী এর বিরুদ্ধে ২০.০৪.২০১৭ তারিখে পরশুরাম উপজেলা নির্বাচন অফিসে যোগদানের পর হতে প্রায়শঃই বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি, ০১.০৩.২০২১ তারিখ হতে ১৭.০২.২০২৪ তারিখ পর্যন্ত প্রায় ০৩(তিন) বৎসরকাল বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি, বিভিন্ন সময়ে অনুপস্থিতির জন্য বারবার তাকে কারণ দর্শানো হলেও তার জবাব প্রদান না করা, জাতীয় পরিচয়পত্র সংশোধনের বিনিময়ে বীর মুক্তিযোদ্ধা জনাব আবুল কাশেম চৌধুরীর নিকট হতে ২৩,০০০/-(তেইশ হাজার) টাকা অবৈধভাবে গ্রহণ এবং ইতিপূর্বে 'অসদাচরণ' ও 'পলায়ন' এর দায়ে বিভাগীয় মামলায় দন্ড প্রাপ্ত হলেও তিনি শৃঙ্খলা হানিকর কার্যক্রম অব্যাহত রাখার অভিযোগ সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন অফিসার কর্তৃক উত্থাপিত হয়;

যেহেতু, প্রাথমিক তদন্তে তার বিরুদ্ধে আনীত সকল অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ', বিধি ৩(গ) অনুযায়ী 'পলায়ন' এবং বিধি ৩(ঘ) অনুযায়ী "দুর্নীতি পরায়ণতা" এর অভিযোগে বিভাগীয় মামলা নং-০৬/২০২৪ রুজু করতঃ অভিযোগনামায় তাকে কারণ দর্শানো হয় এবং ২২.০৮.২০২৪ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, অভিযোগনামার জবাব ও ব্যক্তিগত শুনানিতে তিনি আত্মপক্ষ সমর্থন করায় ন্যায় বিচারের স্বার্থে বিভাগীয় মামলাটি তদন্তের সিদ্ধান্ত হয় এবং সুষ্ঠু তদন্তের স্বার্থে তাকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়; নিযুক্ত তদন্ত কর্মকর্তা জনাব সৈয়দ গোলাম রাশেদ, সহকারী সচিব (প্রশিক্ষণ ও সক্ষমতা), নির্বাচন কমিশন সচিবালয় তদন্ত শেষে অভিযুক্তের বিরুদ্ধে সকল অভিযোগ প্রমাণিত মর্মে প্রতিবেদন দাখিল করেন;

যেহেতু, বিভাগীয় তদন্তে সকল অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় কার্যধারায় গুরুদন্ড আরোপের পর্যাপ্ত ভিত্তি থাকায় উক্ত বিধিমালার বিধি ৭(৯) অনুসরণক্রমে গুরুদন্ডের সূত্রে তাকে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ করা হয়; দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের জবাবে তিনি তার বিরুদ্ধে আনীত সকল অভিযোগ স্বীকার করেন;

যেহেতু, বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন, তার স্বীকারোক্তি এবং প্রাসঙ্গিক বিষয় পর্যালোচনায় তাকে দোষী সাব্যস্ত করে গুরুদন্ড প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করতঃ একই বিধিমালার বিধি ৭(১১) মোতাবেক অভিযুক্তের নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট নথি উপস্থাপন করা হয়;

যেহেতু, নিয়োগকারী কর্তৃপক্ষ নথি-পত্রাদি পর্যালোচনা অন্তে অভিযুক্তের বিরুদ্ধে আনীত সকল অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(গ) মোতাবেক তাকে চাকরী হতে অপসারণের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন;

সেহেতু, নিয়োগকারী কর্তৃপক্ষের চূড়ান্ত সিদ্ধান্ত মোতাবেক অভিযুক্ত জনাব মোঃ আবু সুফিয়ান, অফিস সহায়ক, উপজেলা নির্বাচন অফিস, পরশুরাম, ফেনী-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(গ) মোতাবেক তাকে ০১.০৩.২০২১ তারিখ হতে "চাকরী হইতে অপসারণ" করা হলো। তিনি বিধি মোতাবেক আর্থিক সুবিধা পাবেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

[স্বাক্ষর] ২৭/০৭/২৫
মোহাঃ জাহাঙ্গীর হোসেন
উপসচিব (শৃঙ্খলা ও আপিল)

অ/ক
জারীকৃত
৪৩৯২
২৮.০৭.২৫

জনাব মোঃ আবু সুফিয়ান
অফিস সহায়ক (চাকরি হতে অপসারণকৃত)
উপজেলা নির্বাচন অফিস, পরশুরাম, ফেনী

স্থায়ী ও বর্তমান ঠিকানা:
রহিম মাস্টারের বাড়ি, গ্রাম ও ডাকঘর-আদ্রা
উপজেলা-বরুড়া, জেলা- কুমিল্লা।



অফিসের ঠিকানা ঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগ ঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইল ঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেস ঃ www.ecs.gov.bd

-২৫০-

স্মারক নং-১৭.০০.০০০০.০৮৩.২৭.০২৫.২৩-১৮৯

তারিখঃ ১২ শ্রাবণ ১৪৩২ / ২৭ জুলাই ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
০২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
০৩। যুগ্মসচিব..........(সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
০৪। মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, আগারগাঁও, ঢাকা
০৫। সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
০৬। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, কুমিল্লা
০৭। উপসচিব ................(সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
০৮। জেলা নির্বাচন অফিসার, ফেনী
০৯। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সি এন্ড এজি, পিএসসি ও নির্বাচন কমিশন সচিবালয় ভবন (৩য় ফেজ), সেগুনবাগিচা, ঢাকা
১০। মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
(মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
১১-১৪। মাননীয় নির্বাচন কমিশনারগণের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
(মাননীয় নির্বাচন কমিশনারগণের সদয় অবগতির জন্য)
১৫। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৬। সিনিয়র সহকারী সচিব (জনবল ব্যবস্থাপনা-২), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সংশ্লিষ্ট কর্মচারীর ব্যক্তিগত নথিতে রেকর্ড সংরক্ষণের অনুরোধসহ)
১৭। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, চট্টগ্রাম
১৮। ঊর্ধ্বতন হিসাররক্ষণ কর্মকর্তা (হিসাব), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৯। জেলা হিসাররক্ষণ কর্মকর্তা, ফেনী
২০। উপজেলা নির্বাচন অফিসার, পরশুরাম, ফেনী
২১। উপজেলা হিসাররক্ষণ কর্মকর্তা, পরশুরাম, ফেনী

২৭.০৭.২৫

মোহাম্মদ আল-মামুন
সিনিয়র সহকারী সচিব সি.সি (শৃঙ্খলা)